



051

**ভূয়া শিক্ষক দেখিয়ে  
মোট অংকের অর্থ  
আত্মসাতের অভিযোগ**

কিশোরগঞ্জ, ২১শে অক্টো-  
বর (নিজস্ব সংবাদদাতা)।--সদর  
উপজেলার নাদিলা অছমুদ্দিন উচ্চ  
বিদ্যালয়ে ২ জন শিক্ষকের ভূয়া  
নিয়োগ দেখিয়ে মোটা অংকের  
সরকারী অর্থ আত্মসাতের অভি-  
যোগ পাওয়া গেছে।

বাস্তবে অস্তিত্ব না থাকলেও  
খাতাপত্রে নিয়োগপ্রাপ্ত উক্ত ভূয়া  
শিক্ষকদের নাম রাখা হয়েছে  
'মোকন উদ্দিন' এবং 'মাহবুবুর  
রহমান'।

বিদ্যালয়ের খাতায় তাদেরকে  
কর্মরত দেখিয়ে তাদের ১০ মাসের  
বেতন বাবদ প্রায় ৩০ হাজার  
টাকা উত্তোলন করে বিদ্যালয়ের  
(শেষ প: ৫-এর ক: স:)

**ভূয়া শিক্ষক  
(১ম পাতার পর)**

প্রধান শিক্ষক সুলতান উদ্দিন  
ভূয়া আত্মসাত করেছেন বলে  
অভিযোগে প্রকাশ।

জেলা দুর্নীতি দমন বিভাগ  
বিষয়টির প্রাথমিক তদন্তকার্য  
চালাচ্ছে।